
# ধর্মের নামে বিভাজনের সুযোগ নেই: মির্জা ফখরুল




বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

ধর্মকে কেন্দ্র করে দেশে বিভাজনের কোনো সুযোগ নেই বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, যারা মুক্তিযুদ্ধের ইতিহাস অস্বীকার বা ভুলে যেতে চায়, তারা প্রকৃত অর্থে বাংলাদেশের চেতনায় বিশ্বাস করে না।

শুক্রবার (৩১ জুলাই) রাজধানীর কাকরাইলে সম্মিলিত সনাতন পরিষদের আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, সরকার এমন একটি গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তুলতে কাজ করছে, যেখানে ধর্ম-বর্ণ নির্বিশেষে সব নাগরিক সমান নিরাপত্তা ও অধিকার ভোগ করবেন। ধর্মীয় পরিচয়কে কেন্দ্র করে কোনো ধরনের বিভেদ বা অস্থিরতা সৃষ্টি করার সুযোগ দেওয়া হবে না।

তিনি আরও বলেন, 'বাংলাদেশ হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টানসহ সব ধর্মাবলম্বী মানুষের দেশ। এখানে প্রত্যেক নাগরিকের সমান অধিকার ও মর্যাদা রয়েছে। আমি কখনোই আপনাদের সংখ্যালঘু মনে করি না। আপনারা এ দেশেরই সন্তান এবং সমান অধিকারসম্পন্ন নাগরিক।'

LENS ASIA

মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, অতীতে গণতান্ত্রিক চর্চা ব্যাহত হওয়ায় সব নাগরিকের অধিকার যথাযথভাবে নিশ্চিত করা সম্ভব হয়নি। তবে বর্তমান সরকার ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার নিরাপত্তা ও সাংবিধানিক অধিকার নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে।

তিনি উগ্রবাদ ও মৌলবাদের বিরুদ্ধে সামাজিক ঐক্য গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, সহনশীলতা, সম্প্রীতি ও গণতান্ত্রিক মূল্যবোধের ভিত্তিতেই একটি শক্তিশালী বাংলাদেশ গড়ে তোলা সম্ভব।